



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৪৭.০০১.২০.১৮

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
০১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: জ্বালানি নিরাপত্তা সংক্রান্ত গবেষণা প্রস্তাব আহ্বান**

প্রাইমারি জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণ এবং এতদসংক্রান্ত বিষয়ে বিদ্যমান সমস্যা সমাধানের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের হাইড্রোকার্বন ইউনিটের আওতায় গবেষণা কার্যক্রমের উদ্যোগ নেয়া হয়েছে। এই কার্যক্রমের আওতায় প্রাকৃতিক গ্যাস, কয়লা, নবায়নযোগ্য জ্বালানি, বিকল্প/নতুন জ্বালানি (New/alternate energy) এবং টেকসই জ্বালানি ব্যবস্থাপনার জন্য সরকারের গৃহিতব্য কার্যক্রম ইত্যাদি বিষয়ে গবেষণার জন্য সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মরত সরকারি কর্মকর্তা (যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে), অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা এবং প্রতিষ্ঠানের নিকট হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আহ্বানকৃত বিষয়সমূহের মধ্যে **Unconventional Hydrocarbon Resource** সংশ্লিষ্ট গবেষণা প্রস্তাবকে প্রাধান্য দেয়া হবে। প্রতিটি গবেষণার জন্য সর্বোচ্চ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) ব্যয় বহন করা হবে। গবেষণা প্রস্তাব **আগামী ০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে হাইড্রোকার্বন ইউনিটের ওয়েবসাইটে ([www.hcu.gov.bd](http://www.hcu.gov.bd)) প্রদর্শিত লিংকে (<https://forms.gle/UcFXWwnUyi69qS9G7>) নির্দেশনা অনুসরণ করে অনলাইনে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে বিস্তারিত তথ্যের জন্য গবেষণা সমন্বয়কারী বদরুল আমীন খান, সহকারী পরিচালক (অনুসন্ধান), হাইড্রোকার্বন ইউনিট, মোবাইল নং- ০১৭২১৫৭৯২৬২ অথবা ইমেলঃ [research@hcu.org.bd](mailto:research@hcu.org.bd) যোগাযোগ করা যেতে পারে।

০১-০৮-২০২৪

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)

৮৩৯১০৭৫

[hcu@hcu.org.bd](mailto:hcu@hcu.org.bd)